

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৩ মে ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০১ টি টিম কর্তৃক বরিশাল বরিশাল মহানগরীর বিভিন্ন এলাকায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৩/০৫/২০২৩ খ্রি: তারিখে সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস এর নেতৃত্বে ০১ টি তদারকি টিম বরিশাল মহানগরীর শীতলাখোলা, নতুন বাজার ও কাউনিয়া এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস শীতলাখোলা এলাকায় সুস্ময় ড্রাগ হাউজ কে পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ধারা অনুযায়ী ১,০০০/- টাকা, নতুন বাজার এলাকায় নিতাই মিষ্টান্ন ভান্ডারকে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যদ্রব্য উৎপাদন বা প্রক্রিয়াকরণের অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা ও আয়ান কসমেটিকস কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা এবং কাউনিয়া বিসিক রোডে বি-বাড়িয়া বেকারিকে পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ না থাকায় ও খাদ্যদ্রব্যে নিষিদ্ধ দ্রব্য মিশ্রণ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যদ্রব্য উৎপাদন বা প্রক্রিয়াকরণের অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭, ৪২ ও ৪৩ ধারা অনুযায়ী ১০,০০০/- টাকাসহ সর্বমোট ১৭,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০১ টি অভিযানে ০৪ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১৭,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। বরিশাল এপিবিএন-১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

২৩-৫-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৪৭৮৮৬২০৪২

ইমেইল: dd-

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬) সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়
- ৭) অফিস কপি।